

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৯৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫৩. সালাতুল আওয়াবীন (অধিক তাওবাকারীগণের সালাত) প্রসঙ্গে

بَابِ فِي صَلَاةِ الْأُوَّابِينَ

আরবী

أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ عَنْ الْقَاسِمِ بْنِ عَوْفٍ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ عَلَيْهِمْ وَهُمْ يُصِلُونَ بَعْدَ طُلُوعِ الشَّمْسِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةُ الْأُوّابِينَ إِذَا رَمِضَتَ الْفِصَالُ

বাংলা

১৪৯৫. যাইদ ইবনু আরক্বাম রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিকট বেরিয়ে এলেন, তখন সূর্য উদিত হওয়ার পরে তারা সালাত আদায় করছিলো। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "'আওয়াবীন'দের সালাত (বেশি বেশি তাওবাকারীগণের সালাত)-এর সময় হয় যখন উদ্ভীর বাচ্চার (পায়ের নীচের বালু সূর্যতাপে) উত্তপ্ত হয়ে উঠে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। তাখরীজ: মুসলিম ৭৪৮; ইবনু আবী শাইবা ২/৪০৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ২৫৩৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন